

বাংলাদেশ ব্যাংক তার মূল কাজ ভালোভাবে করেছে

—ড. মোহাম্মদ ফরাসউদ্দিন



দেশের অগ্রযাত্রায়
ব্যাংক খাতকে যে
কৃতিত্ব দেয়ার কথা
সেটি দিতে অনেক
ক্ষেত্রেই কার্পণ্য করা
হয়েছে। দেশের
অর্থনীতি যেভাবে বড়
হয়েছে, ব্যাংক খাত
সেভাবে বড় হয়ে

উঠতে পারেনি। ফলে অনেক ক্ষেত্রেই এ খাত
কুলিয়ে উঠতে পারছে না। সেজন্য কিছু সমস্যার
উদ্ভবও হচ্ছে।

সামষ্টিক অর্থনীতির প্রবৃদ্ধি, সামাজিক রূপান্তর ও
সামগ্রিক উন্নয়নে যে কয়েকটি অনুষ্ঙ্গ অংশীদার
হিসেবে ভূমিকা রেখেছে, বাংলাদেশ ব্যাংক তার
মধ্যে অন্যতম। অনেক চড়াই-উতরাই পেরিয়ে
বাংলাদেশ ব্যাংক অত্যন্ত বিশ্বস্ততা ও দক্ষতার
সঙ্গে দেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে
সহযোগিতা করেছে।

বাংলাদেশ ব্যাংকের মূল কাজ দ্রব্যমূল্যের
স্থিতিশীলতা রক্ষা করা, মুদ্রার মান ধরে রাখা ও
ব্যাংকিং ব্যবস্থাকে তদারকির মধ্যে নিয়ে আসা।

এরপর » পৃষ্ঠা ৬ কলাম ৫

বাংলাদেশ ব্যাংক তার মূল কাজ

১ম পৃষ্ঠার পর

মূল কাজ বাংলাদেশ ব্যাংক বেশ ভালোভাবেই পরিপালন করেছে। দেশের বহির্বাণিজ্য বহুগুণ বেড়েছে। রফতানি খাতও সম্প্রসারণ হয়েছে। এসব ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের উদ্যোগ ও নীতিসহায়তা খুব ভালো ভূমিকা রেখেছে। কভিডকালে বড় বিনিয়োগকারীদের জন্য ঘোষিত প্রণোদনার ৮০ ভাগই বিতরণ করা হয়ে গেছে। ঋণখেলাপিরও এ প্রণোদনার সুযোগ পেয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য ঘোষিত প্রণোদনার একটি বড় অংশ এখনো বিতরণ হয়নি। এ বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে বিবেচনা করতে হবে।

মানি লন্ডারিং ঠেকাতে বাংলাদেশ ব্যাংকের গুরুত্বপূর্ণ ও কঠোর ভূমিকা পালনের সুযোগ রয়েছে। অর্থ পাচার বন্ধে অন্যান্য রাষ্ট্রীয় সংস্থার সঙ্গে মিলে এ সুযোগ পরিপালন করা উচিত। এছাড়া আর্থিক খাতের কোনো দুর্নীতি বা অনিয়মের অভিযোগ এলে সঙ্গে সঙ্গে সেটির তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। অনেক সমস্যাসংকুল প্রতিষ্ঠানের মধ্যে আশার আলো হয়ে রয়েছে বাংলাদেশ ব্যাংক। সেটিকে আরো বেশি দেদীপ্তমান করার জন্য আমাদের চেষ্টা চালিয়ে যেতে হবে।

